Jaishtha 3, 1425 Bangla, May 17, 2018 Thursday, No. 137 48th year

H I G H L I G H T S

Today is 38th Homecoming Day of AL President & PM Sheikh Hasina - On this day in 1981, She returns to Bangladesh nearly six years in exile following assassination of father of the nation. (R. Today:10)

PM Sheikh Hasina greets law enforcers for curbing terrorism & militancy saying police has to be more sincere to gain people's trust by providing proper service & humane attitude. (R. Today:11)

The Holy Ramadan, the lunar month of self-purification through fasting and abstinence, will begin in the country on Friday as the new moon was not sighted anywhere in Bangladesh sky last night. (R. Today:10)

AL GS claims, KCC election was held in credible & transparent way except some stray incidents-adds, BNP never accepts & will not recognize anything. (R. ABC:12)

Health Minister comments, win in KCC election is a victory for democracy-adds, this election is also victory for people's franchise. (R. Today:11)

Information Minister says, BNP is seeking a route to escape national election by rejecting KCC poll & demanding resignation of CEC. (R. Today:11)

Meanwhile, BNP rejects KCC election results bringing allegation of an unprecedented vote rigging & various irregularities-also demands resignation of CEC. (R. Tehran:9, R. Today:11)

DSCC Mayor says, proper coordination among concerned authorities can only resolve water logging crisis in the capital. (R. Today:10)

At least 18 people have been killed & dozens trapped in the Indian city of Varanasi after a flyover collapsed. (BBC:3)

জ্যৈষ্ঠ ৩, ১৪২৫ বাংলা, মে ১৭, ২০১৮ বৃহস্পতিবার, নং-১৩৭, ৪৮ বছর

শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৩৮তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ- ১৯৮১ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার পর শেখ হাসিনা দীর্ঘ প্রবাস জীবন কাটিয়ে দেশে ফেরেন। (রে. টুডে:১০)

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে সফল হওয়ায় পুলিশ বাহিনীকে ধন্যবাদ জানিয়ে বলেছেন, সেবা ও মানবিক আচরণের মাধ্যমে জনগণের আস্থা অর্জনে পুলিশকে আরও আন্তরিক হতে হবে। (রে. টুডে:১১)

বাংলাদেশের আকাশে গতকাল কোথাও পবিত্র রমজান মাসের চাঁদ দেখা না যাওয়ায় আগামীকাল থেকে শুরু হচ্ছে পবিত্র মাহে রমজান। (রে. টুডে:১০)

বিচ্ছিন্ন ঘটনা ছাড়া খুলনা সিটি করপোরেশনের নির্বাচন সুষ্ঠু হয়েছে বলে দাবি আওয়ামী লীগ সাধারণ সম্পাদকের- বিএনপির নামই হচ্ছে মানি না, মানব না বলেও মন্তব্য করেন তিনি। (রে. এবিসি:১২)

খুলনার বিজয় গণতন্ত্রের বিজয়, জনগণের ভোটাধিকারের বিজয় বলে মন্তব্য করেছেন স্বাস্থ্যমন্ত্রী। (রে. টুডে:১১)

তথ্যমন্ত্রী বলেছেন, খুলনা সিটি নির্বাচনে বিএনপির প্রার্থীর পরাজয় নিয়ে নানা বক্তব্য দিয়ে দলটি জাতীয় নির্বাচন বর্জনের উছিলা তৈরির পাঁয়তারা করছে। (রে. টুডে:১১)

খুলনা সিটি নির্বাচনে গতকাল জাল ভোটের উৎসব হয়েছে জানিয়ে নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান ও প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ দাবি করেছে বিএনপি। (রে. তেহরান: ,রে. টুডে:১১)

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র বলেছেন, নগরীর জলাবদ্ধতা নিরসনের দায়িত্বরত সংস্থাগুলোর মধ্যে সঠিক সমন্বয় হলেই কেবল এই সমস্যার স্থায়ী সমাধান সম্ভব। (রে. টুডে:১০)

ভারতের ভারানসিতে একটি ফ্লাইওভার ধ্বসে কমপক্ষে ১৮ জন নিহত ও অনেকে আটকা পড়েছে। (বিবিসি: ০৩)

BBC

US STILL HOPEFUL ABOUT N. KOREA SUMMIT

The trump administration is hopeful its summit with North Korea will go ahead, despite threats of cancellation. A White House spokeperson said the US president remained ready. The highly anticipated meeting between Mr. Trump and North Korea's Kim Jong-un is due to take place on 12 June.
(BBC: 2200+2300 hrs. 16/05/18 Faruk/Nargis)

FREED MALAYSIAN POLITICIAN ANWAR HAILS NEW DAWN

Reformist politician Anwar Ibrahim has hailed a new dawn for Malaysia on his release from prison. Day after a stunning opposition election win, Mr. Anwar told jubilant supporters he fully backed his ally and former rival, Prime Minister Mahathir Mohammad. Earlier, he was pardoned from what was widely seen as a politically motivated conviction. (BBC: 2200+2300 hrs. 16/05/18 Faruk/Nargis)

CHLORINE USED IN FEBRUARY ATTACK IN SYRIA

The global chemical weapons watchdog has said Chlorine is likely to have been used in an attack on a rebel held town in northern Syria in February. The Organisation for the Prohibition of Chemical Weapons (OPCW) found Chlorine had been released from cylinders by mechanical impact in Saraqeb.
(BBC: 2200+2300 hrs. 16/05/18 Faruk/Nargis)

ITALY'S POPULIST PLAN TO DEFY EU RULES

Italy's two populist parties will try to reach a deal on forming a government after a leaked plans to defy EU rules on migration and debt. One of the draft ideas is to demand the cancellation of $250bn of Italian bonds bought by the European Central Bank. Italy has the second highest public debt is the euro zone.
(BBC: 2200+2300 hrs. 16/05/18 Faruk/Nargis)

TRUMP TOWER MEETING DOCUMENTS RELEASED

A Senate panel has released documents on a June 2016 meeting between top Trump campaign aides and Russian delegation promising political dirt. The 2,500 pages of transcripts included interviews with Donald Trump's eldest son, Donald Trump Jr., who met a Russian lawyer ahead of the 2016 election. The lawyer, Natilia Veselnitskaya, denies working on behalf of Mowcow.
(BBC: 2200+2300 hrs. 16/05/18 Faruk/Nargis)

INDIA FLYOVER COLLAPSE KILLS AT LEAST 18

At least 18 people have been killed and dozens trapped in the Indian city of Varanasi after a flyover collapsed, crushing vehicles beneath it. The flyover was still being built when portions of its cement structure fell on the road being used under it. Officials from the National disaster Response Force said 18 bodies have been recovered so far. (BBC: 2200+2300 hrs. 16/05/18 Faruk/Nargis)

N. KOREA THREATENS TO CANCEL TRUMP SUMMIT

North Korea has said it may pull out of a summit with US President Donald Trump if the US insists it gives up its nuclear weapons. The highly anticipated meeting between Mr. Trump and North Korea's Kim Jong-un is due to take place on 12 June. But in an angry statement, North Korea's vice foreign minister accused the US of making reckless statements and of harbouring sinister intentions.
(BBC: 2200+2300 hrs. 16/05/18 Faruk/Nargis)

TRUMP DISCLOSES SETTLEMENT WITH A PORN STAR

US President Donald Trump has officially disclosed his reimbursement to his lawyer for a payment to a porn star to hush her claims of an officer. The office of Government Ethics found on Wednesday that Mr. Trump ought to have revealed the

payment in his previous financial discloser. Mr. Trump previously denied knowing of the $1,30,000 payment to Stormy Daniels.(BBC: 0600 hrs. 17/05/18 Faruk/Nargis)

CASUALTIES FEARED IN INDIA BOAT CAPSIZE

At least 15 people are missing after a boat capsized in the southern Indian state of Andhra Pradesh. Reports say, some 25 people were on board the vessel, many of them on their way back home from a weekly market. The accident happened on the Godavari river on Wednesday evening. What caused the boat to capsize is unclear. (BBC: 0600 hrs. 17/05/18 Faruk/Nargis)

MALAYSIA POLICE SEARCH EX-PM NAJIB'S HOME

Malaysian police have searched the home of ex-Prime Minister Najib Razak, one week after he lost the national election. Multiple police vehicles were seen circulating in front of his house after night fall. The new Prime Minister, Mahathir Mohammad, previously said he was looking into re-opening corruption investigations against his former ally.(BBC: 0600 hrs. 17/05/18 Faruk/Nargis)

'TOTAL' SET TO PULL OUT OF IRAN GAS DEAL

French energy giant 'Total' is preparing to pull out of a billion dollar gas project in Iran in the face of renewed US sanctions. 'Total' said it will unwind operations by November unless sanctions are waived. Washington is re-imposing strict sanctions on Iran, which were lifted under the 2015 deal to curb the country's nuclear ambitions. (BBC: 0600 hrs. 17/05/18 Faruk/Nargis)

বিবিসি

দেশে পরিবহণ শ্রমিকদের মাদক গ্রহণের পরিমান বেড়েছে

বাংলাদেশের রাজধানী ঢাকার পরিবহন শ্রমিকদের ৫০ শতাংশই মাদক সেবী এবং বিশেষ করে ইয়াবা গ্রহণ করে। এই অভিযোগ ওঠার পর শ্রমিকদের অনেকেই এর আংশিক সত্যতা স্বীকার করেছেন। যদিও তারা বলছেন যে, এই প্রবণতা বেড়েছে কিন্তু সেটি এখনও মারাত্মক কিছু নয়। এর আগে পরিবহন মালিকদের একটি সংগঠন মেট্রোপলিটন পুলিশের কাছে এই নিয়ে অভিযোগ করে ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়েছে। সহকর্মী মিজানুর রহমান খান এসব নিয়ে কথা বলেছিলেন ফুলবাড়িয়া পরিবহন শ্রমিক ইউনিয়নের সভাপতি নুরুল আমীন নুরুর সাথে তার কাছে তিনি জানতে চেয়েছিলেন চালক ও হেলপারদের মধ্যে মাদক গ্রহণের ঘটনা এখন কতটা ব্যাপক, (স্বকণ্ঠে) : পরিবহনে ড্রাগের যে প্রভাবটা এটা বর্তমানে মাত্রাতিরিক্ত পরিমাণে চলে যাচ্ছে। আমরা যেটা বিগত ৪৫ বছরে যা দেখে আসছি, এখন সেটা তার চেয়ে অনেক বেশি । এখন ইয়াবা, গাঁজা এগুলো ব্যাপকভাবে দেশে প্রবেশ করছে। এখনও এটা মহামারী আকার ধারন করেনি। তবে শতকরা ২০ ভাগ শ্রমিক মাদকে আসক্ত। কিন্তু ড্রাইভার, হেলপার, কন্ট্রাক্টরদের ৮০ ভাগই এখনও ভাল আছে।

বিবিসি: এই মাদকাসক্তের পরিমাণ বেড়ে যাওয়ার কী কারণ?

মি. নুরু : বেড়ে যাওয়ার পিছনে বিভিন্ন ধরনের কারণ থাকে। কিন্তু সামাজিক কারণই বেশী । পাড়া, মহল্লায় বিভিন্ন জায়গায় এসব পাওয়া যায়। এগুলো এভেলেবল হয়ে যাওয়াতে এটাতে আসক্তির পরিমাণ বেড়ে গেছে।

বিবিসি: চালকদের ব্যাপারে এটার একটা ঝুঁকি আছে। কারণ তারা যে গাড়ি চালাচ্ছেন সেখানে আরও বহু মানুষ, তার যাত্রী, তাদের জীবন একটা হুমকীর মধ্যে পড়তে পারে। এটা জেনেও তারা এই ড্রাগটা কেন খান?

মি. নুরু : এটা সঙ্গ দোষে হচ্ছে অনেকটাই। বন্ধু বান্ধবের সঙ্গদোষে এটা বেশি হয়। পরিবহনে শিক্ষিত কেউ আসেনা, বেশিরভাগই অশিক্ষিত ছেলে।

বিবিসি: আপনার কী মনে হয় তাদের কাজের যে চাপ ধরন সেটার কারণেও তারা ড্রাগের দিকে ঝুঁকতে পারেন?

মি. নুরু : এটা যে কাজের চাপের জন্য পুরোপুরি দায়ী তা নয়। এখানে ৮ ঘণ্টা কাজের যে নিয়ম আছে সেটা আমরা পুরোপুরি বাস্তবায়ন করতে পারিনি। তারা ভোরে বাহির হয়, অনেকে রাত ১২টা-১টায় কাজ শেষ করেন। এখানে একটি কারণ থাকতে পারে। এটা অস্বীকার করার জো নেই। কেউ নেশাগ্রস্ত হয়ে ঘুমিয়ে পড়লে বা অন্য মনস্ক হয়ে পড়ছে সেখানে তো দুর্ঘটনা ঘটতেই পারে। সেখানেতো যাত্রী নিরাপদ নয়। তাদেরকে সেভাবে সচেতন আমরা করতে পারিনি সেটা আমাদের ব্যর্থতা। তবে আমরা ইদানিং চালকদের নিয়ে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচী করছি। তাদেরকে আমরা বোঝাচ্ছি এবং চেষ্টা করছি। (বিবিসি : ০৭:৩০ ঘ. ১৭/০৫/১৮ এলিনা/আছাদ/হেলাল)

সংসদে আত্মপরিচয়ের সঙ্কটে ভুগছে বিরোধী দল: টিআইবি

দুর্নীতিবিরোধী আন্তর্জাতিক প্রতিষ্ঠান ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের বাংলাদেশ শাখা আজ দেশটির জাতীয় সংসদের উপর একটি রিপোর্ট প্রকাশ করবে। সংস্থাটির গবেষকরা বলছেন, বাংলাদেশ সরকারকে জবাবদিহিতার জায়গায় নিয়ে যেতে ব্যর্থ হয়েছে বর্তমান সংসদ। এছাড়া, জাতীয় সংসদে নামমাত্র যে বিরোধী দল আছে তাদেরও রয়েছে আত্মপরিচয়ের সঙ্কট। টিআইবি নিয়মিতভাবে সংসদ অধিবেশনগুলো পর্যাবেক্ষণ করে এবং পার্লামেন্ট ওয়াচ নামে তাদের গবেষণা রিপোর্ট প্রকাশ করে আসছে। রিপোর্টটির বিষয়ে আরো জানতে চেয়েছিলাম টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামানের সাথে :

বিবিসি: ড. জামান, আপনাকে স্বাগতম আমাদের সাথে যোগ দেওয়ার জন্য। আপনার কাছে জানতে চাই, বর্তমান সংসদের ব্যাপারে আজকে রিপোর্টটি প্রকাশ করতে যাচ্ছেন এর প্রধান পর্যবেক্ষণটা কি?

ড. জামান: আপনাকে ধন্যবাদ। আজকের প্রতিবেদনে মূলতঃ যে বিষয়টি উঠে আসবে সেটি হলো, ২০১৭ সালে যে পাঁচটি অধিবেশন হয়েছে আমাদের জাতীয় সংসদে সেটি আমরা পর্যবেক্ষণ করেছি। তাতে দৈনিক গড়ে অধিবেশনের সময়কাল ছিল তিনঘণ্টা পঁচিশ মিনিট। লক্ষ্যণীয় যে, সংসদের এত অল্প সময়ের জন্য অধিবেশন বসে সেখানেও কোরাম সঙ্কট হচ্ছে। প্রতিদিন ত্রিশ মিনিট কোরাম সঙ্কট হলেও যেটা মোট সঙ্কটের তের শতাংশ এবং যার অর্থ মূল্য সাঁইত্রিশ কোটি ছত্রিশ লক্ষ টাকা। এটি একটি বিষয়। যেখানে সংসদের কার্যক্রমের প্রতি আমাদের জনপ্রতিনিধিদের কতটা আগ্রহ তার একটা প্রতিফলন ঘটছে। আইন প্রণেতাদের সংসদে মূল দায়িত্ব হচ্ছে সংসদে আইন প্রণয়ন সেখানে ব্যয়িত সময় হচ্ছে মোট সময়ের নয় শতাংশ মাত্র। এর মধ্যে চব্বিশটি বিল পাস হয়েছে এবং প্রতিটি বিল পাস হতে মাত্র পঁয়ত্রিশ মিনিট সময় লেগেছে।

বিবিসি: সংসদ সদস্যদের অন্যতম বিষয় থাকে জবাবদিহিতার সে জায়গাটিতে তাদের ভূমিকা দেখতে পেরেছেন?

ড. জামান: জবাবদিহিতার যে ক্ষেত্রটি সেখানে মূল ভূমিকা পালন করে থাকে সংসদীয় কমিটিগুলো। কমিটিগুলোর সামগ্রিক যে দুর্বলতা সেটা আমাদের সংসদীয় বিধির লজ্ঘন, সেখানে অনেক কমিটিতে স্বার্থের দ্বন্দ্ব বিরাজমান অর্থাৎ কমিটি যে বিষয় নিয়ে কাজ করে সে বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক কমিটি পরিচালিত, এতে যেকোন কমিটির কার্যকারিতা খুব দুর্বল হয়ে যায়। আমাদের সংসদীয় কমিটিতে একটি বিধি আছে যে, প্রতিটি কমিটি মাসে অন্ততঃ একটি করে বৈঠক করবে। সেটি পালন করতে ব্যর্থ হয়েছে অনেক সেটা আমরা দেখতে পেয়েছি। কমিটির যে কার্যক্রমগুলো সেগুলির প্রতিবেদন খুব কমই প্রকাশিত হয়। আর তার চেয়ে বড় কথা হলো যে, কমিটিগুলোর যে সুপারিশগুলো থাকে সেটার বাস্তবায়নের জন্য সরকারের যে আন্তরিকতা সে ক্ষেত্রেই দুর্বলতা দেখা গেছে। আর সংসদে যে বিরোধী দল আছে তারা আত্মপরিচয়ের সঙ্কটে ভুগছে, যেটা তাদের বক্তব্যেও ফুটে উঠেছে। আসলে কার্যকর বিরোধী দল না থাকলে সংসদ সেভাবে কার্যকর হয় না।

বিবিসি: তাহলে সংসদ কার্যকর করার ক্ষেত্রে এখানে অন্য কোন সহায়ক ভূমিকা রয়েছে?

ড. জামান: আমরা যেটা দেখেছি যে, কিছু কিছু ক্ষেত্রে লক্ষ্যণীয় ছিল যে, সরকারি দলের কোন কোন সম্মানীত সদস্য সরকারের অবস্থানের বিরুদ্ধে কথা বলেছেন। যেমন গত বাজেটে ব্যাংক হিসাবে যে কর্তনের বিষয় ছিল সেটি নিয়ে অনেক সমালোচনা হয়েছে। ব্যাংকিং খাতের দুর্নীতি নিয়ে আলোচনা হয়েছে। যদিও সেটির কার্যকর ফল আমরা দেখতে পাইনি। আবার অনেক মন্ত্রী বলেছেন, আমরা কিছু করতে পারছি না কারণ, যারা এ ব্যাপারে দায়ী তারা আমাদেরই লোক। সাথে এই ধরনের দুর্নীতিকে প্রশ্রয় দেওয়ার সংস্কৃতি অব্যাহত ছিল।

(বিবিসি: ০৭৩০ ঘ. ১৭-০৫-১৮ আছাদ/সজীব)

দুর্নীতি মামলায় সাজাপ্রাপ্ত বেগম জিয়া আজ জামিন পেলেও ছাড়া পাননি কারাগার থেকে

বাংলাদেশে একটি দুর্নীতি মামলায় সাজাপ্রাপ্ত বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়া আজ সর্বোচ্চ আদালত থেকে জামিন পেলেও তিনি কারাগার থেকে ছাড়া পাননি। বিএনপি বলছে তাঁর বিরুদ্ধে আনা ৩৬টি মামলা রয়েছে। কুমিল্লায় একটি নাশকতার মামলায় তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা থাকায় তিনি মুক্তি পাচ্ছেন না। দীর্ঘ আইনি লড়াইয়ে খালেদা জিয়ার কারামুক্তির বিষয়টি যেভাবে বারবার পিছিয়ে যাচ্ছে সে বিষয়টিকে কীভাবে দেখছেন দলের সাধারণ কর্মীরা। দলের কেন্দ্রীয় নেতৃত্বই বা কি করার কথা ভাবছেন ? শুনুন রাকিব হাসনাতের প্রতিবেদনে :

জিয়া অরফারনেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় গত ৮ই ফেব্রুয়ারী খালেদা জিয়াকে ৫ বছরের কারাদন্ড ও অর্থদন্ড দিয়েছিল ঢাকার বিশেষ জজ আদালত। পরে তার জামিন আবেদনের শুনানি শেষে গত ১১ই মার্চ হাইকোর্ট যে জামিন দিয়েছিল সেটি আজ বহাল রাখলো আপিল বিভাগ। তবে একই সাথে কারাদন্ডের রায়ের বিরুদ্ধে খালেদা জিয়ার আপিল ৩১শে জুলাইয়ের মধ্যে হাইকোর্ট নিষ্পত্তি করারও আদেশ দেওয়া হয়েছে। আজ সকালে আপিল বিভাগে এ আদেশের পর তলের নেতাকর্মীদের অনেকেই ছুটে এসেছিলেন নয়াপল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে। তাদেরই একজন আফরোজা

খানম নাসরিন (স্বকণ্ঠে) ঃ দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে মিথ্যা মামলা দিয়ে কারাগারে রাখা হয়েছে। ম্যাডাম অসুস্থ, দিনে দিনে ম্যাডামকে আরো অসুস্থ করে তুলছে। এটা তৃণমুল নেতাকর্মীদের মাঝে চরমভাবে প্রভাব ফেলছে। আগামী দিনে আমরা বসে থাকবে না। আন্দোলনের যে ঝড় উঠবে, সে ঝড়ে গণতন্ত্র আমরা ফিরে পাবো এবং দেশনেত্রীকে আমরা মুক্ত করে ছাড়বো ইনশাল্লাহ।

কিন্তু বিএনপির দেয়া তথ্য অনুযায়ী খালেদা জিয়ার বিরুদ্ধে মোট মামলা আছে ৩৬টি। এমনকি এরই মধ্যে কুমিল্লার একটি মামলায় গ্রেফতারি পরোয়ানাও রয়েছে তাঁর বিরুদ্ধে। সে কারণেই তাঁর মুক্তি পাওয়ার সম্ভাবনা নিয়ে সংশয়ও তৈরী হয়েছে দলটির মাঠ পর্যায়ের নেতাকর্মীদের মধ্যে। নাটোরের শিমলা থেকে ঢাকায় আসা যুবদল নেতা সাইদুর রহমান বলছেন পরিস্থিতি যাই হোক তারা কেন্দ্রীয় নেতৃত্বের নির্দেশনা মেনেই কাজ করবেন, (স্বকণ্ঠে) ঃ তারেক রহমানের নেতৃত্বে বিএনপির নেতাকর্মীরা প্রবল মনোবল নিয়ে এখনো রাজপথে আছে। আগামী দিনে দেশনেত্রী বেগম খালেদা জিয়াসহ সকল কারাবন্দি এবং দেশের গণতন্ত্র মুক্তির আন্দোলনের জন্য যে সিদ্ধান্ত আসবে বিএনপির তৃণমুল কর্মীরা সে সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে কাজ করতে থাকবে।

গত ফেব্রুয়ারীতে খালেদা জিয়া কারাগারে যাওয়ার পর বিএনপি নেতা ও আইনজীবিরা অনেকে ধারণা দিয়েছিল যে বেগম জিয়া দ্রুতই কারাগার থেকে বের হয়ে আসবেন। কিন্তু এখন যখন সেটি বিলম্বিত হওয়ার শঙ্কা তৈরী হয়েছে সেটিকে দলের কর্মী সমর্থকরা কিভাবে দেখছেন ? জবাবে পাবনার সাথিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান ও বিএনপি নেতা মোহাম্মদ সালাউদ্দিন খান, (স্বকণ্ঠে) ঃ সারা বাংলাদেশে এবং আমার নিজের এলাকা পাবনা, সাথিয়াতেও মানুষের মধ্যে একটা হতাশা বিরাজ করছে। এই অবৈধ সরকার অবৈধভাবে বিনা বিচারে জেলে আটক করে রেখেছে। আমরা তার তীব্র নিন্দা জানাই, জনগণও প্রত্যাশা করছে যে তাঁকে অতিসত্তর যেন জামিনে মুক্তি দেয়া হয়।

দলের কেন্দ্রীয় কার্যালয়ে এসব নেতাকর্মীদের সাথে কথা বলার পর আমি গিয়েছিলাম ঐ ভবনেই দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের অফিস কক্ষে। তার কাছে জানতে চেয়েছিলাম যে খালেদা জিয়ার মুক্তি বিলম্বিত হওয়ায় দলটির কর্মী সমর্থকরা হতাশ হয়ে পড়ছে কিনা। আর এমন পটভুমিতে বিএনপিই বা কি করবে ? জবাবে মি. আলমগীর, (স্বকণ্ঠে) ঃ এটা করা হয়েছে তাঁকে রাজনীতি থেকে দূরে সরিয়ে রাখার জন্য। জাতীয় নির্বাচনে তাঁকে অংশগ্রহণ করতে না দেওয়ার জন্য চক্রান্ত করা হয়েছে। এটা শুধু দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সাথে করা হয়নি, সারা বাংলাদেশে বিএনপি নেতাকর্মীদের সাথে একই চক্রান্ত করা হচ্ছে। এটা গত কয়েক বছর ধরে আমরা ফেইস করে আসছি। আইনি প্রক্রিয়ার মধ্যদিয়ে বেড়িয়ে আসার জন্য আমরা কাজ করছি। এ নিয়ে হতাশ হওয়ার কিছু নেই। নেতাকর্মীরা আরো উজ্জীবিত হচ্ছে সংগ্রাম করার জন্য। কিন্তু আইনি প্রক্রিয়াতে খালেদা জিয়ার মুক্তি আরো বিলম্বিত হলে এবং এর মধ্যে নির্বাচনের সময় ঘনিয়ে আসলে কি করবে বিএনপি - তার জবাব অবশ্যই এখনই দিতে রাজি নন মি. আলমগীর। (বিবিসি: ১৯:৩০ ঘ: ১৬/০৫/১৮ সোনিয়া/কোহিনূর)

খুলনা সিটি নির্বাচনে হওয়া ব্যাপক অনিয়মের অভিযোগ সম্পর্কে মাহবুব তালুকদারের সাক্ষাৎকার

বাংলাদেশ বিরোধীদল বিএনপি আজ খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে ব্যাপক কারচুপির অভিযোগ তুলে নির্বাচন কমিশনের পদত্যাগ দাবি করেছে। বিএনপি বলেছে খুলনার নির্বাচনে প্রায় শতাধিক ভোট কেন্দ্রে ব্যাপক অনিয়ম হয়েছে এবং এসব কেন্দ্রে নতুন করে ভোট গ্রহণের দাবি জানিয়েছে দলটি। তবে বিজয়ী দল আওয়ামীলীগের নেতারা তাদের বিরুদ্ধে ভোট কারচুপির অভিযোগ অস্বীকার করেছেন। বাংলাদেশে যখন এ বছরের শেষ নাগাদ একটি জাতীয় নির্বাচন হওয়ার কথা তখন খুলনা নির্বাচনকে দেখা হচ্ছিল নির্বাচন কমিশনের দক্ষতা এবং বিশ্বাসযোগ্যতা প্রমানের একটি টেস্ট হিসেবে। কমিশন কি সেই পরীক্ষায় উত্তীর্ণ হতে পেরেছেন? জানতে চেয়েছিলাম নির্বাচন কমিশনার মাহবুব তালুকদারের কাছে, (স্বকণ্ঠে) ঃ আপনি যে প্রশ্ন করেছেন এর মধ্যে অনেকগুলো প্রশ্ন আছে। আমি নিজে অবশ্যই খুলনা সিটি কর্পোরেশনের নির্বাচনকে আগামী জাতীয় নির্বাচনের পরিপ্রেক্ষিতে খুবই গুরুত্বপূর্ণ মনে করি। আমার নিজের যেটা ধারণা যে খুলনা নির্বাচনটা মোটামুটিভাবে সুষ্ঠু হয়েছে। উৎসব মুখর হয়েছে কিনা আমি জানিনা, তবে দৃষ্টিগ্রাহ্য কোন মারামারি বা হাতাহাতির ঘটনা ঘটে নাই। একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ, গ্রহণযোগ্য নির্বাচন করার জন্য নির্বাচন কমিশন অত্যন্ত সচেতন ছিল। এটা পর্যায়ক্রমে সকল নির্বাচন কমিশনার ও সিইসি শপথ করে খুলনায় নিরপেক্ষ নির্বাচন করার বিষয়ে কঠোর সতর্কবাণী দিয়েছেন। আমার মনে হয় মাঠ পর্যায়ের কর্মীদের মধ্যেও আন্তরিকতার অভাব ছিল না।

বিবিসি ঃ কিন্তু সেখানে যে গণমাধ্যম কর্মীরা গিয়েছেন এ নির্বাচন কভার করতে, বিভিন্ন গণমাধ্যমে যে রিপোর্ট আমরা দেখছি সেখানে অনেক অনিয়মের অভিযোগ তারা করছেন।

মি. তালুকদার ঃ গণমাধ্যমে আমি সকাল থেকে প্রায় ১ ঘন্টার উপরে এসব অভিযোগগুলো আমি দেখছিলাম। একটা অভিযোগ আছে, যে কোন কোন পোলিং এজেন্টকে নাকি ঢুকতে দেয়া হয় নাই কেন্দ্রে। এটার ব্যাপারে ইলেকশন

চলাকালীন সময়ে আমরা দেখেছি যে যথাযোগ্য এজেন্ট নিয়োগের যে নিয়োগপত্র এটা দুজনের কাছে ছিল না। তাহলে তাকে কী করে ঢুকতে দেবে। আর যেসব জায়গায় গুরুতর অভিযোগ ছিল সেসব জায়গায় ৩টি কেন্দ্রে আমরা তাৎক্ষনিকভাবে কেন্দ্র বন্ধ করে দিয়েছি। আজকে আমি সকাল থেকে মিডিয়ায় যে অনিয়মের বিষয়গুলো পড়ছিলাম এগুলোর অনেকগুলো অনিয়ম সম্পর্কে সত্যি বলতে কি এটা একদম উড়িয়ে দেয়া যাবে না। কারণ একেবারে কেন্দ্রে বা মিডিয়ার যারা কেন্দ্রে অনিয়মের প্রত্যক্ষ সাক্ষী তারা যা দেখেছেন তারা যা লিখছেন সেই অনিয়মগুলোকে আমি মনে করি প্রতিটা ক্ষেত্রেই তদন্ত করে দেখবো।

বিবিসি ঃ তার মানে আপনি স্বীকার করছেন যে এ নির্বাচনে অনেক অনিয়মের ঘটনা ঘটছে ?

মি. তালুকদার ঃ শোনেন আমরা তো কখনই দাবি করবোনা যে সর্বাংশে একটা শতভাগ শুদ্ধ নির্বাচন হয়েছে। আমরা তো জনবিচ্ছিন্ন নই। আমাদের সামাজিক অবস্থা, রাজনৈতিক পরিস্থিতি সবকিছু বিবেচনা করে আমাদের এ নির্বাচনকে বিশ্লেষণ করতে হবে কিংবা নির্বাচনকে দেখতে হবে। এটা তো আমি বলবোনা যে সব ক্ষেত্রেই অনিয়ম হয়েছে। তবে যেসব অনিয়মগুলো হয়েছে সেসব অনিয়মগুলো যাতে ভবিষ্যতে না হয় বিশেষ করে গাজীপুর বা অন্য কোন সিটি কর্পোরেশন নির্বাচনে এসব অনিয়মের যাতে পুনরাবৃত্তি না ঘটে সেজন্য আমরা অবশ্যই ব্যবস্থা নেবো।

বিবিসি ঃ একটা জাতীয় নির্বাচনের আগে এ ধরনের স্থানীয় নির্বাচনে যখন এ ধরনের ব্যাপক অনিয়মের অভিযোগ উঠছে আপনার কী মনে হয় যে নির্বাচন কমিশনের উপর রাজনৈতিক দলগুলোর আর আস্থা থাকবে, তারা একটা নিরপেক্ষ জাতীয় নির্বাচন করতে পারবে ?

মি. তালুকদার ঃ নির্বাচন কমিশনের উপরে রাজনৈতিক দলের আস্থা থাকবে কী থাকবে না এটা অনেক ক্ষেত্রে আমি ব্যক্তিগতভাবে মনে করি যে রাজনৈতিক কৌশলের অংশ। রাজনৈতিক কৌশলের অংশ হিসেবে অনেকেই অনেক অভিযোগ করেন। আবার রাজনৈতিক কৌশলের অংশ হিসেবেই অনেকে বলতে থাকেন যে নির্বাচন খুবই সুষ্ঠু হয়েছে। এখন আমাকে আরেকটু বুঝতে হবে যে আমরা কি ব্যর্থ হয়েছি নাকি আমরা সফল হয়েছি।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১৬/০৫/১৮ রিহাব/কোহিনূর)

পরিবহন শ্রমিকদের ৫০ শতাংশই মাদকসেবী বলে অভিযোগ করছেন পরিবহন মালিকরা

বাংলাদেশের রাজধানী ঢাকার পরিবহন শ্রমিকদের ৫০ শতাংশই মাদকসেবী এবং ইয়াবা গ্রহণ করে বলে অভিযোগ করছেন পরিবহন মালিকরা। ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাছে এ নিয়ে অভিযোগ করে পরিবহন মালিকদের একটি সংগঠন এ ব্যাপারে ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়েছে। এ দিকে সড়ক দুর্ঘটনা নিয়ে কাজ করে এমন ব্যাক্তিরা বলছেন পরিবহন শ্রমিকরা এমনিতেই নানা রকম চাপের মধ্যে থেকে গাড়ি চালান। ইয়াবা গ্রহণের কারণে তাদের দুর্ঘটনার ঝুঁকি আরো বাড়ছে। ঢাকা থেকে আরো জানাচ্ছেন ফারহানা পারভীন :

সম্প্রতি বাংলাদেশের ঢাকায় বেশ কয়েকটি সড়ক দুর্ঘটনায় হাত পা বিচ্ছিন্ন হওয়াসহ মর্মান্তিক মৃত্যুর ঘটনা দেশ জুড়ে তীব্র সমালোচনা হয়েছে। এর প্রেক্ষিতে গতকাল ঢাকার নাট্য মঞ্চে পরিবহন মালিক, শ্রমিক এবং ঢাকা মহানগর মেট্রোপলিটন পুলিশের একটি যৌথ সভা হয়। সেখানে বিভিন্ন বিষয়ের পাশাপাশি পরিবহন শ্রমিকদের মাদক গ্রহণের বিষয়টিও উঠে আসে। ঢাকায় পরিবহন মালিকদের সংগঠন ঢাকা রোড ট্রান্সপোর্ট ওনারস এসোসিয়েশনের জেনারেল সেক্রেটারি খন্দকার এনায়েত উল্লাহ বলছিলেন ঢাকাসহ শহরের প্রায় ৫০ হাজার পরিবহন শ্রমিক রয়েছে যার ৫০ শতাংশই এখন মাদকাসক্ত, (স্বকণ্ঠে): বাংলাদেশে ড্রাগ, ইয়াবা খুব সহজলভ্য হয়ে গেছে। ইয়াবাতে আসক্ত হয়ে যাচ্ছে পরিবহন শ্রমিকরা। বিশেষ করে ঢাকা শহরে পরিবহন শ্রমিকেরা ইয়াবাতে আসক্ত হচ্ছে। ঢাকা শহরের পরিবহন শমিকদের ৫০ শতাংশ ড্রাগে আসক্ত হয়ে যাচ্ছে।

ঢাকা শহরে এই মূহুর্তে পরিবহন রয়েছে পাঁচ হাজার। মি. এনায়েত উল্লাহ বলছিলেন ইয়াবা গ্রহন করছে এমন চালকদের ধরে আইনের আওতায় আনার আহ্বান জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন ট্রাফিক বিভাগকে। ঢাকা মেট্রোপলিটন ট্রাফিকের অতিরিক্ত পুলিশ কমিশনার মীর রেজাউল আলম বলছিলেন মাদক বলতে যদি এ্যালকোহল গ্রহন করে চালকরা তাহলে যন্ত্রের সাহায্যে সঙ্গে সঙ্গে সনাক্ত করা সম্ভব। কিন্তু ইয়াবা গ্রহণ করলে রক্ত পরীক্ষার প্রয়োজন পড়ে যেটা সময় সাপেক্ষ, (স্বকণ্ঠে): যদি গাঁজা, ইয়াবা এই ধরনের নেশায় আসক্ত থাকে সেটি রক্ত পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হওয়া সম্ভব।

বিবিসি: তাহলে তো বিষয়টি একটু জটিল?

সি. আলম : একটু জটিল ও সময় সাপেক্ষ। আমরা রক্ত পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হতে পারি।

বিবিসি: রোডে দাঁড় করিয়ে এটার কোন ব্যবস্থা নেয়া সম্ভব না?

মি. আলম : বিষয়টি আমরা খতিয়ে দেখবো। বিষয়টি আমাদের নজরে যেহেতু এসেছে নতুন ভাবে কোন কিছু করার সুযোগ আছে কিনা আমরা দেখবো।

একজন চালক যদি ইয়াবা সেবন করেন তাহলে তার কাজের গতি প্রকৃতির উপর কেমন প্রভাব পড়ে - জানতে চেয়েছিলাম বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের এক্সিডেন্ট রির্সাচ সেন্টারের একজন শিক্ষক কাজি মোঃ সাইফুল নেওয়াজের কাছে। তিনি বলছিলেন বাংলাদেশে চালকরা মূলতঃ কাজ করেন অনেকগুলো চাপের মধ্যে। সেখানে যদি একজন চালক ইয়াবা সেবন করে গাড়ি চালায় তাহলে এক্সিডেন্টের ঝুঁকি আরো বাড়িয়ে দেয়, (স্বকণ্ঠে): একজন চালক যদি ইয়াবা সেবন করে গাড়ি চালায় তখন সে নিজেকে খুব একটিভ এবং ওভার কনফিডেন্ট মনে করবে। এর ফলে দেখা যাবে যে সে বিপদজনক ওভারটেক করতে পারে। সে রাস্তার ঝুঁকিগুলোকে ঝুঁকি মনে নাও করতে পারে এবং দেখা যাবে যে একটু দেরিতে রিএ্যাকশন নিচ্ছে।

এদিকে, অনেকে অভিযোগ করছেন বাংলাদেশে চালকদের কোন নির্দিষ্ট কর্মঘন্টা বা নিয়োগ পদ্ধতি না থাকায় যে যত বেশি ট্রিপ দিতে পারে সেটাই তাদের লাভ এটাই অনেক ক্ষেত্রে তাদের মাদক হিসেবে ইয়াবা নিতে সহায়ক কারণ হিসেবে কাজ করে। পরিবহন মালিকদের সংগঠনের জেনারেল সেক্রেটারি মি. এনায়েত উল্লাহর কাছে জানতে চেয়েছিলাম কেন তারা চালকদের কর্মঘন্টাকে একটা নিয়মের মধ্যে আনেন না - (স্বকণ্ঠে): বাস্তবতায় আপনি ইউরোপ-আমেরিকার কর্মঘন্টার সাথে বাংলাদেশের পরিবহন সেক্টরের কর্মঘন্টাকে যদি মিলাতে যান সেটা তো পারবেন না। যেমন দেখেন কালকে গাড়ি ফেনী থেকে স্টার্ট করেছে আজকে ঢাকায় এসে পৌঁছেছে। তাহলে আপনি কিভাবে এটার কর্মঘন্টা নির্ধারন করবেন। একটা ট্রাক বা একটা বাস এখান থেকে চালায়ে উত্তরবঙ্গ যাচ্ছে। তাহলে সেটার কর্মঘন্টা কতক্ষণ নির্ধারন করবো। রাস্তার মাঝখানে ড্রাইভার নামিয়ে কি আরেকটা ড্রাইভার দেব? এদেশে তো দক্ষ ড্রাইভার এর শর্টেজ আছে। বি আর টি এর রেকর্ড অনুযায়ী যতগুলো গাড়ি তারা রেজিস্ট্রেশন করেছে এবং যতগুলো চালককে তারা ড্রাইভিং লাইসেন্স দিয়েছে তাতে প্রায় ২০ লক্ষ শর্টেজ আছে। এমনিতেই চালক নেই তো কিভাবে ওটা নির্ধারন করা যাবে।

ট্রাফিক পুলিশ বিভাগ বলছে চালক যদি ইয়াবা সেবন করে সেটা দ্রুত শণাক্ত করার বিকল্প ব্যবস্থা কী হতে পারে সেটা খোঁজ তারা নেওয়ার চেষ্টা করছেন। এদিকে শ্রমিকদের অধিকার নিয়ে কাজ করে এমন একটি সংগঠন বাংলাদেশ ইন্সটিটিউট অফ লেবার স্টাডিজ বলছে ২০১৭ সালে পরিবহন খাতে সবচেয়ে বেশি শ্রমিক মারা গেছে। এর সংখ্যা ৩০৭ জন। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৬/০৫/১৮ প্রতীক/আশরাফ)

ভয়েস অফ আমেরিকা

খালেদা জিয়াকে দেয়া হাইকোর্টের জামিন আদেশ আপিল বিভাগে বহাল

বিএনপি নেত্রী এবং বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে জামিন দেয়ার ব্যাপারে সেখানকার সুপ্রিম কোর্ট নিম্ন আদালতের রায় বহাল রেখেছেন। ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী থাকার সময় এতিমখানার তহবিল থেকে আড়াই লক্ষ ডলার আত্মসাতের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে গত ফেব্রুয়ারি মাসে দোষী সাব্যস্ত করা হয়। এ রায়ের কারণে ৭২ বছর বয়সী খালেদা জিয়া ডিসেম্বরের সাধারণ নির্বাচনে অংশগ্রহণে অযোগ্য ঘোষিত হয়েছেন। তার কৌসিলীরা এ মামলাকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে অভিহিত করেছেন। ঢাকা থেকে জহুরুল আলম:

হাইকোর্টের দেয়া জামিন বাতিলের জন্য রাষ্ট্রপক্ষ এবং দুর্নীতি দমন কমিশন দুদকের করা আপিল খারিজ করে দিয়ে প্রধান বিচারপতির নেতৃত্বে চার বিচারপতির আপিল বেঞ্চ বুধবার এ রায় দিয়েছেন। একইসঙ্গে বিচারিক আদালতের সাজার বিরুদ্ধে খালেদা জিয়া যে আপিল করেছেন সে আপিল বিচারপতি এম. এনায়েতুর রহিমের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে ৩১শে জুলাইয়ের মধ্যে নিষ্পত্তি করতে নির্দেশ দিয়েছেন আপিল বিভাগ। আদালতের রায়ের পর খালেদা জিয়ার আইনজীবী ব্যারিষ্টার মওদুদ আহমদ সাংবাদিকদের বলেন, (স্বকণ্ঠে): তাঁর মুক্তির পথে আশা করি আর কোন বাধা থাকবে না। যদি বাধা থাকে, এ ব্যাপারে আমরা ব্যবস্থা নেব এবং তিনি শিগগিরই মুক্ত হয়ে আমাদের মাঝে ফিরে আসবেন। (ভোয়া : ২২০০ ঘ. ১৬/০৫/১৮ ফারুক/নারগীস)

নারায়ণগঞ্জ ও ফেনীতে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে দুই ব্যক্তি নিহত

বাংলাদেশ পুলিশের সঙ্গে পৃথক দু'টি কথিত বন্দুকযুদ্ধে দুই ব্যক্তি নিহত হওয়ার খবর পাওয়া গেছে। ঢাকা থেকে জহুরুল আলম:

পুলিশের তরফে জানা গেছে মঙ্গলবার রাতে নারায়ণগঞ্জ শহরের ফতুল্লায় এবং ফেনী জেলার খুশীপুরে এ বন্দুকযুদ্ধের ঘটনা ঘটেছে। পুলিশ জানায়, ফতুল্লার আল আমিন নগরে ঝিনতাইকারীদের সাথে বন্দুকযুদ্ধে পারভেজ নামের এক ব্যক্তি নিহত হয়। পুলিশ আরও জানিয়েছে, পারভেজের বিরুদ্ধে মাদক ব্যবসা এবং ছিনতাইয়ের অভিযোগ রয়েছে।

এদিকে, ফেনী জেলার খুশীপুরে অপর এক বন্দুকযুদ্ধে মুসা আলম মাসুদ নামের এক ব্যক্তি পুলিশের গুলিতে নিহত হওয়ার খবর পাওয়া গেছে। পুলিশ জানিয়েছে, মাসুদের বিরুদ্ধে ধর্ষণ, হত্যা ও ডাকাতির কয়েকটি মামলা রয়েছে।

বাংলাদেশের বিভিন্ন মানবাধিকার সংস্থার দেয়া তথ্যমতে, ২০১৮ সালে এ পর্যন্ত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে বন্দুকযুদ্ধে নিহত হয়েছেন সাতজনের উপর মানুষ। (ভোয়া : ২২০০ ঘ. ১৬/০৫/১৮ ফারুক/নারগীস)

রেডিও তেহরান

১০ শতাংশ মজুরি বৃদ্ধিসহ অন্যান্য দাবিতে বৃহত্তর আন্দোলনে যাওয়ার হুমকি গার্মেন্টস সংগঠনের

বছরে ১০ শতাংশ হারে মজুরি বৃদ্ধিসহ পাঁচটি গ্রেড নির্ধারণ এবং অবিলম্বে ন্যূনতম মজুরি ১৬ হাজার টাকা ঘোষণা না করা হলে বৃহত্তর আন্দোলনে যাওয়ার হুমকি দিয়েছে বাংলাদেশের ছয়টি গার্মেন্টস সংগঠন। আরও জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আবদুর রহমান খান:

বছরে ১০ শতাংশ হারে মজুরি বৃদ্ধিসহ পাঁচটি গ্রেড নির্ধারণ এবং অবিলম্বে ন্যূনতম মজুরি ১৬ হাজার টাকা ঘোষণা না করা হলে বৃহত্তর আন্দোলনে যাওয়ার হুমকি দিয়েছে পোশাক প্রস্তুতকারী শ্রমিকদের ছয়টি সংগঠন। আজ বুধবার রাজধানীতে আয়োজিত এক সংবাদ-সম্মেলনে কয়েকটি শ্রমিক সংগঠন এই হুমকি দেয়। সংগঠনগুলো হচ্ছে ইন্ডাস্ট্রি অল বাংলাদেশ কাউন্সিল, আইবিসি, বাংলাদেশ গার্মেন্টস শ্রমিক ঐক্য ফোরাম, গার্মেন্টস শ্রমিক ও শিল্পরক্ষা জাতীয় মঞ্চ, গার্মেন্টস শ্রমিক অধিকার আন্দোলন, গার্মেন্টস শ্রমিক মজুরি আন্দোলন ও গার্মেন্টস শ্রমিক সমন্বয় পরিষদ। সংবাদ-সম্মেলন প্রসঙ্গে টেক্সটাইল গার্মেন্টস ওয়ার্কার্স ফেডারেশনের সভাপতি আবুল হোসেন রেডিও তেহরানকে বলেন, (স্বকণ্ঠে): আমরা আশা করছি যে, আমাদের এই সংবাদ-সম্মেলনের পরে সরকার আমাদের দাবিগুলো বিবেচনায় নিয়ে দ্রুত মজুরি বোর্ডের রেজাল্ট ঘোষণা করবেন। যেহেতু সামনে রোজা তাই আমরা রোজার মধ্যে কোন রকম আন্দোলনের কর্মসূচি ঘোষণা করিনি। তবে ঈদের আগে গার্মেন্টস শ্রমিকদের বকেয়া বেতন এবং চলতি মাসের বেতন এবং ঈদ বোনাস প্রদানেরও দাবি জানিয়েছি। পোশাক শ্রমিকদের মজুরি নির্ধারণে সরকার এ বছরের জানুয়ারি মাসে গেজেট নোটিফিকেশনের মাধ্যমে নিম্নতম মজুরি বোর্ড ঘোষণা করেছে। জুন মাসের মধ্যে মজুরি বোর্ডের মজুরির হার চূড়ান্ত করার কথা। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ১৬/০৫/১৮ এলিনা/নারগীস)

খালেদা জিয়ার জামিন বহাল রেখেছে সুপ্রীম কোর্টের আপিল বিভাগ

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়াকে দুর্নীতির একটি মামলায় দেওয়া হাইকোর্টের জামিন বহাল রেখেছে সুপ্রীম কোর্টের আপিল বিভাগ। আজ প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিঞ্চ এ আদেশ দেন। তবে বিএনপি চেয়ারপার্সনের আইনজীবী ও দলটির নেতা ব্যারিষ্টার মওদুদ আহমদ বলেছেন, জামিন বহাল থাকলেও এখনই ছাড়া পাচ্ছেন না খালেদা জিয়া।

(রে. তেহরান: ২০:৩৫ ঘ. ১৬/০৫/১৮ এলিনা/হেলাল)

ভোট ডাকাতির মাধ্যমে কেসিসি'র নির্বাচনে সরকারী দল বিজয়ী হয়েছে–অভিযোগ বিএনপির

বাংলাদেশের খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে ভোট ডাকাতির মাধ্যমে ক্ষমতাসীন দল বিজয়ী হয়েছে বলে দাবি করেছে বিএনপি। তবে আওয়ামী লীগ বলেছে সেখানে গণতন্ত্রের বিজয় হয়েছে। এ সম্পর্কে ঢাকা থেকে জানাচ্ছেন আব্দুর রহমান খান:

বাংলাদেশের নির্বাচন পর্যবেক্ষকদের জোট ইলেকশন ওয়ার্কিং গ্রুপ জানিয়েছে খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে ৩২ শতাংশ ভোট কেন্দ্রে নির্বাচনী অনিয়ম দেখা গেছে। তবে এসব বিচ্ছিন্ন ঘটনা ভোটের ফলাফলে প্রভাব ফেলেনি। তাদের হিসাবে খুলনা নির্বাচনে ভোট পড়েছে ৬৪ দশমিক ৮০ শতাংশ । আজ বুধবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে ইলেকশন ওয়ার্কিং গ্রুপ খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনের পর্যবেক্ষণের প্রাথমিক প্রতিবেদন তুলে ধরে। সংবাদ সম্মেলনে জানানো হয় খুলনা সিটির ২৮৯টি ভোট কেন্দ্রের মধ্যে ১৪৫টি কেন্দ্রে পর্যবেক্ষণ করেছেন তারা। এরমধ্যে ৩২ শতাংশ ভোট কেন্দ্রের নির্বাচনী অনিয়ম দেখা গেছে। অবৈধভাবে ব্যালটে সীল মারার ঘটনা ঘটেছে ২৮টি কেন্দ্রে। ভোট দিতে বাধা দেওয়ার ঘটনা ঘটেছে ১৮টি কেন্দ্রে। ভোট কেন্দ্রের ভেতরে সহিংসতার ঘটনা ঘটেছে চারটিতে । বিশেষ প্রার্থীর পক্ষে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অবস্থান নেওয়ার ঘটনা ঘটেছে চারটি কেন্দ্রে। পর্যবেক্ষকদের কেন্দ্রে ঢুকতে দেওয়া হয়নি চারটি জায়গায়। তবে পোলিং এজেন্টদের বের করে দেওয়ার কোন ঘটনা তাদের পর্যবেক্ষণে ধরা পড়েনি। এ প্রসঙ্গে ইলেকশন ওয়ার্কিং গ্রুপ এর পরিচালক মোহাম্মদ আব্দুল আলিম রেডিও তেহরানকে জানান, খুলনায় গতকাল যে নির্বাচনটি হয়ে গেল সেখানে আামদের পর্যবেক্ষণে কিছু অনিয়ম কিছু সহিংসতার চিত্র ফুটে উঠেছে। তবে এটা বড় ধরনের কিছু নয়। এটা ইলেকশনের ফলাফলের ঘটনাকে পরিবর্তনের জন্য যথেষ্ঠ সেরকম কোন ঘটনা এখানে ঘটেনি। তবে আমরা যেটা মনে করছি, এই যে সম্প্রতিক সময়ে বাংলাদেশের যে নির্বাচনগুলো হয়ে গেল সিটি নির্বাচন যেমন নারায়ণগঞ্জ, কুমিল্লা, রংপুর সেই তুলনায় এই নির্বাচনটা কিছুটা খারাপ হয়েছে। তবে এটাকে আমরা অগ্রহণযোগ্য বলছিনা।

গতকাল অনুষ্ঠিত খুলনা সিটি করপোরেশন নির্বাচন আওয়ামী লীগের মনোনীত প্রার্থী তালুকদার আব্দুল খালেক একলাখ চুয়াত্তর হাজার নয়শ দুই ভোট পেয়ে মেয়র পদে বেসরকারীভাবে জয়ী হয়েছেন। তবে ভোট ডাকাতির অভিযোগ এনে খুলনা সিটি করপোরেশনের নির্বাচন প্রত্যাখ্যান করেছে বিএনপি। আজ বুধবার দুপুর বারটায় নয়াপল্টসে দলের কেন্দ্রীয় কার্যালয়ে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব এডভোকেট রুহুল কবির রিজভী এই অভিযোগ আনেন। এসময় তিনি নির্বাচন কমিশনারের পদত্যাগ দাবী করেন। রিজভী বলেন, খুলনা সিটি নির্বাচনে নজিরবিহীন ভোটে ডাকাতি হয়েছে। পুলিশ ও নির্বাচন কমিশনের ছত্রছায়ায় আওয়ামী লীগের সশস্ত্র ক্যাডাররা প্রকাশ্যে ব্যালট পেপারে সীল মারে। তাছাড়া বিএনপির পরাজিত মেয়রপ্রার্থী নজরুল ইসলাম মঞ্জু খুলনা সিটি করপোরেশন নির্বাচন ভোট ডাকাতি নতুন সংস্কর বলে অভিহিত করেছেন। (রে. তেহরান: ২০:৩৫ ঘ. ১৬/০৫/১৮ খালেদা/হেলাল)

রেডিও জাপান

ইসরাইলি সেনাদের গুলিতে ষাটজনের বেশি ফিলিস্তিনী নিহতের ঘটনায় মধ্যপাচ্যে চরম উত্তেজনা

জেরুজালেমে মার্কিন দূতাবাস চালুকে কেন্দ্র করে সংঘর্ষের পর মধ্যপ্রাচ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। ইসরাইলের ৭০তম প্রতিষ্ঠা বার্ষিকীর দিনে সোমবার তেলআবিব থেকে জেরুজালেমে দূতাবাস স্থানান্তরের সময় এই ঘটনা ঘটে। এটি গাজা এবং পশ্চিমতীরে ফিলিস্তিনীদের ক্ষিপ্ত করে তোলে, যারা পূর্ব-জেরুজালেমকে তাদের ভবিষ্যত রাজধানী বিবেচনা করেন। ফিলিস্তিনের স্বাস্থ্য কর্মকর্তারা বলেন, ইসরাইলি সেনাদের গুলিতে অন্ততঃ ষাটজন নিহত এবং প্রায় দেড় হাজার লোক আহত হন। (রে. জাপান: ২১০০ ঘ. ১৬-০৫-১৮ আছাদ/সজীব)

রেডিও টুডে

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেগশ প্রত্যাবর্তন দিবস আজ। ১৯৮১ সালের এই দিনে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দীর্ঘ প্রবাস জীবন কাটিয়ে দেশে ফেরেন। এই দিন বিমান বন্দরে লাখো মানুষ তাকে স্বাগত জানান। ঢাকা পরিণত হয় মিছিলের নগরীতে। ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করে ঘাতকেরা। বঙ্গবন্ধুর দুই কন্যা শেখ হাসিনার ও শেখ রেহানা বিদেশে থাকার কারণে সৌভাগ্যক্রমে বেঁচে যান। ১৯৮১ সাল থেকে আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করছেন বঙ্গবন্ধুর বড় কন্যা শেখ হাসিনা। এদিকে, শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আজ বেলা তিনটায় রাজধানীর কৃষিবিদ ইনষ্টিটিউশন মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করেছে আওয়ামী লীগ। (রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৭/০৫/১৮ খালেদা/হেলাল)

আগামীকাল থেকে শুরু হচ্ছে পবিত্র মাহে রমজান

আগামীকাল থেকে শুরু হচ্ছে পবিত্র মাহে রমজান। বাংলাদেশের আকাশে গতকাল কোথাও পবিত্র রমজান মাসের চাঁদ দেখা না যাওয়ায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষে অনুষ্ঠেয় জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত হয়। সেই হিসেবে আজ দেশের মসজিদগুলোতে বাদ এশা তারাবী নামাজের মধ্যদিয়ে মাসব্যাপী সিয়াম সাধনা শুরু করবেন ধর্মপ্রাণ মুসলমানরা।
(রে. টুডে: ০৮৪৫ ঘ. ১৭-০৫-১৮ খালেদা/সজীব)

কেসিসি নির্বাচন নিয়ে ওবায়দুল কাদের ও মির্জা ফখরুল ইসলামের পরস্পর বিরোধী বক্তব্য

খুলনা সিটি করপোরেশন নির্বাচনে জনগণের রায়কে যারা প্রত্যাখ্যান করেছে আগামী জাতীয় নির্বাচনে যেনতেনভাবে প্রত্যাখান করবে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আর বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, খুলনায় সঠিক ভোট হলে বিএনপির প্রার্থী লক্ষাধিক ভোটের ব্যবধানে জয়ী হবেন। গতকাল আলাদাভাবে সাংবাদিক সম্মেলনে তারা এসব কথা বলেন।
(রে. টুডে: ০৮৪৫ ঘ. ১৭-০৫-১৮ খালেদা/সজীব)

নগরীর জলাবদ্ধতা নিরসনে দায়িত্বরত সংস্থাগুলোর সঠিক সমন্বয় হলে সমাধান সম্ভব: সাঈদ খোকন

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন বলেছেন, নগরীর জলাবদ্ধতা নিরসনের দায়িত্বরত সংস্থাগুলোর মধ্যে সঠিক সমন্বয় হলে কেবল এই সমস্যার স্থায়ী সমাধান সম্ভব। আজ নগর ভবনে আয়োজিত এক সাংবাদিক-সম্মেলনে মেয়র হিসেবে দায়িত্ব গ্রহণের তিন বছর পূর্তি উপলক্ষে নগরীর সার্বিক উন্নয়ন চিত্র তুলে ধরতে গিয়ে এসব কথা বলেন তিনি। (রেডিও টুডে : ১৮:৪৫ঘ. ১৬/০৫/১৮ সোনিয়া/আলি)

দেশের কারাগারগুলোতে ধারণক্ষমতার চেয়ে বেশি কারাবন্দী রয়েছে: কারা মহাপরিদর্শক

দেশের কারাগারগুলোতে ধারণক্ষমতার চেয়ে বেশি কারাবন্দী রয়েছে জানিয়ে কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ ইফতেখার উদ্দীন বলেছেন, এ সমস্যা সমাধানে নতুন কারাগার নির্মাণসহ বিভিন্ন প্রকল্প হাতে নেয়া হয়েছে। দুপুরে মাদারীপুরে নতুন কারাগারের নির্মাণকাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি একথা বলেন।
(রেডিও টুডে : ১৮:৪৫ঘ. ১৬/০৫/১৮ প্রতীক/আলি)

বর্ষা মৌসুম এলেই জলাবদ্ধতায় নাকাল হয় নগরবাসী

বর্ষা মৌসুম এলেই জলাবদ্ধতায় নাকাল হতে হয় নগরবাসীকে। একটু ভারী বৃষ্টিতে তলিয়ে যায় নগরীর অনেক শহর। তবে এবার বর্ষার আগেই হঠাৎ ভারী বৃষ্টিতে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে রাজধানীর অনেক এলাকায়। প্রতিবার নগর কর্তৃপক্ষের কাছ থেকে সমস্যা সমাধানের আশ্বাস এলেও এ থেকে পরিত্রাণ মিলছে না নগরবাসীর।
(রেডিও এবিসি : ১৮:৪৫ঘ. ১৬/০৫/১৮ সোনিয়া/আলি)

সেবা ও মানবিক আচরণের মাধ্যমে পুলিশকে জনগণের আস্থা অর্জনের নির্দেশ প্রধানমন্ত্রীর

সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে সফল হওয়ায় পুলিশ বাহিনীকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সেবা ও মানবিক আচরণের মাধ্যমে জনগণের আস্থা অর্জনে পুলিশকে আরও আন্তরিক হতে হবে। দুপুরে রাজশাহী সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমির ৩৫তম বিসিএস শিক্ষানবিস সহকারী পুলিশ সুপারদের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে একথা বলেন তিনি। এসময় প্রধানমন্ত্রী বলেন, মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের মাধ্যমে বিশ্বে নতুন মর্যাদায় আসীন হয়েছে বাংলাদেশ। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

দুর্নীতি মামলায় খালেদা জিয়ার জামিন বহাল

জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় পাঁচ বছরের সাজা নিয়ে কারাগারে থাকা বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জামিন প্রশ্নে দুদক ও রাষ্ট্রপক্ষের আপিল খারিজ করে দিয়ে হাইকোর্টের দেয়া জামিন বহাল রেখেছেন আপিল বিভাগ। একই সাথে বিচারপতি এম. এনায়েতুর রহিমের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চকে দণ্ডাদেশের বিরুদ্ধে খালেদা জিয়ার দায়ের করা আপিল আগামী ৩১শে জুলাইয়ের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দেয়া হয়েছে। তবে অন্য মামলায় গ্রেফতার থাকায় এখনই খালেদা জিয়া মুক্তি পাচ্ছেন না বলে জানান এটর্নি জেনারেল মাহবুবে আলম।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

খুলনায় নতুন নগর পিতা তালুকদার আবদুল খালেক

খুলনায় নতুন নগর পিতা নির্বাচিত হয়েছেন আওয়ামী লীগের তালুকদার আবদুল খালেক। তিনি নৌকা প্রতীক নিয়ে বিএনপির মেয়র প্রার্থী নজরুল ইসলাম মঞ্জু থেকে ৬৫ হাজার ৬০ ভোট বেশি পেয়ে নির্বাচিত হয়েছেন। এদিকে, পরাজিত মেয়র প্রার্থী মঞ্জু আজ সাংবাদিক-সম্মেলন করে বলেছেন, অনিয়ম করে খুলনায় আওয়ামী লীগ প্রার্থীকে জয়ী করা হয়েছে। তবে জনরায় মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন নবনির্বাচিত মেয়র তালুকদার আবদুল খালেক।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

খুলনায় বিজয় গণতন্ত্রের বিজয়: মোঃ নাসিম

খুলনার বিজয় গণতন্ত্রের বিজয়, জনগণের ভোটাধিকারের বিজয় বলে মন্তব্য করেছেন স্বাস্থ্যমন্ত্রী মোঃ নাসিম। সকালে ধানমন্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ১৪ দলের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর পর সাংবাদিকদের একথা বলেন তিনি। এসময় তিনি আরও বলেন, গতবারের ভুল থেকে শিক্ষা নিয়ে জনগণ আওয়ামী লীগের প্রার্থী তালুকদার আবদুল খালেক বিজয়ী করেছেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

খুলনা নির্বাচন প্রত্যাখ্যান ও নির্বাচন কমিশনের পদত্যাগ দাবি বিএনপির: রুহুল কবির রিজভী

খুলনা সিটি নির্বাচনে গতকাল জাল ভোটের উৎসব হয়েছে জানিয়ে নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান ও প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ দাবি করেছে বিএনপি। দুপুরে রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয় আয়োজিত এক সাংবাদিক-সম্মেলনে একথা জানান বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সরকার সমর্থকদের তাণ্ডবের পরেও খুলনায় চমৎকার নির্বাচন হয়েছে ইসি সচিবের এমন বক্তব্যের তীব্র সমালোচনা করেন তিনি।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

বিএনপি জাতীয় নির্বাচন বর্জনের উছিলা খুঁজছে: তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, খুলনা সিটি নির্বাচনে বিএনপির প্রার্থীর পরাজয় নিয়ে নানা বক্তব্য দিয়ে জাতীয় নির্বাচন বর্জনের উছিলা তৈরির পাঁয়তারা চলছে। তবে এই পাঁয়তারা সফল হবে না বলেও জানান তিনি। দুপুরে

কুষ্টিয়ার ভেড়ামারায় এক সুধী সমাবেশে যোগ দেয়ার আগে সাংবাদিকদের সাথে আলাপকালে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। (রেডিও টুডেঃ ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

আজ চাঁদ দেখা গেলে আগামীকাল পবিত্র রোজা

আজ পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গেলে কাল থেকে বাংলাদেশে শুরু হবে রোজা, অন্যথায় পরদিন শুক্রবার থেকে। এ লক্ষ্যে আজ সন্ধ্যায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠক হতে যাচ্ছে। বৈঠকে সভাপতিত্ব করবেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। এদিকে, সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যে গতকাল পবিত্র রমজান মাসের চাঁদ না দেখা যাওয়ায় ঐ অঞ্চলে রোজা শুরু হবে আগামীকাল বৃহস্পতিবার থেকে। (রেডিও টুডেঃ ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

ঝিনাইদহে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীর বিরিয়ানী খেয়ে শতাধিক অসুস্থ

ঝিনাইদহ-৩ আসনের আওয়ামী লীগের এক মনোনয়ন প্রত্যাশীর জনসভায় দেয়া বিরিয়ানি খেয়ে নারী ও শিশুসহ শতাধিক ব্যক্তি অসুস্থ হয়ে পড়েছেন। এদের মধ্যে ৭০জনকে মহেশপুর, কোটচাঁদপুর, চুড়াডাঙ্গার জীবন নগর হাসপাতালে ভর্তি করা হয়েছে। অসুস্থ ব্যক্তিরা জানান, ঝিনাইদহের মহেশপুর কোট চাঁদপুর আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী পারভীন তালুকদার মায়া গতকাল বিকেলে মহেশপুরের হাইস্কুল মাঠে একজন সভার আয়োজন করেন। জনসভা শেষে উপস্থিত নেতা-কর্মীদের মাঝে প্যাকেট বিরিয়ানি বিতরণ করেন। বিরিয়ানি খেয়ে অসুস্থ হতে থাকে শতাধিক ব্যক্তি। পরে তাদের মহেশরপুর, কোট চাঁদপুর ও জীবন নগর হাসপাতালে ভর্তি করা হয়। এদিকে, জনসভায় পঁচা খাবার বিতরণের অভিযোগে মহেশপুর উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে প্রতিবাদ সমাবেশ করা হয়েছে। (রেডিও টুডেঃ ১৩:৪৫ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

রেডিও এবিসি

কোটা আন্দোলনকারীদের জিডি নেয়নি পুলিশ

হত্যার হুমকির পর পুলিশ জিডি নেয়নি বলে অভিযোগ করেছেন কোটা আন্দোলনকারীরা। বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের যুগ্ম আহ্বায়ক নূরুল হক বলেন, মঙ্গলবার রাতে ছাত্রলীগ নেতারা আমাদের হত্যার হুমকি দেন। এ বিষয়ে শাহবাগ থাকায় সাধারণ ডায়েরি করতে গেলে পুলিশ তা নেয়নি। আমাদের অভিযোগ শুনেছে কিন্তু জিডি নিতে বলা হলে তারা বলেছে, উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া জিডি নিতে পারব না। বুধবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে এক সংবাদ-সম্মেলনে নূরুল হক এই অভিযোগ করেন।
(রেডিও এবিসি : ১৮:০০ঘ. ১৬/০৫/১৮ প্রতীক/আলি)

বিএনপির নামই হচ্ছে মানি না, মানব না : ওবায়দুল কাদের

বিএনপির নামই হচ্ছে মানি না, মানব না বলে মন্তব্য করেছেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বিচ্ছিন্ন ঘটনা ছাড়া খুলনা সিটি করপোরেশনের নির্বাচন সুষ্ঠু হয়েছে বলে দাবি করেন ওবায়দুল কাদের। বুধবার রাজধানীতে সংবর্ধনা অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এই মন্তব্য করেন। (রেডিও এবিসি : ১৮:০০ঘ. ১৬/০৫/১৮ প্রতীক/আলি)

নজরুল ইসলাম মঞ্জু অপপ্রচার করছেনঃ আবদুল খালেক

বিএনপির পরাজিত প্রার্থী নজরুল ইসলাম মঞ্জু অপপ্রচার করছেন বলে অভিযোগ করেছেন খুলনা সিটি করপোরেশন নির্বাচনের মেয়র পদে বিজয়ী আওয়ামী লীগের প্রার্থী তালুকদার আবদুল খালেক।
(রেডিও এবিসি : ১৮:০০ঘ. ১৬/০৫/১৮ প্রতীক/আলি)

কালবৈশাখীর কারণে ঝড় বৃষ্টি হচ্ছে

আবহাওয়া অধিদপ্তর বুধবার সকালে পূর্বাভাস দিয়েছে কালবৈশাখীর কারণে ঝড় বৃষ্টি হচ্ছে। এই ধারা আরও তিনদিন চলতে পারে। (রেডিও এবিসি : ১৮:০০ঘ. ১৬/০৫/১৮ প্রতীক/আলি)

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যে বৈঠকের সময় চূড়ান্ত

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত শান্তি নিকেতনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠকের সময়সূচি চূড়ান্ত করা হয়েছে। ২৫শে মে বেলা ১টা ৪০ মিনিট থেকে আড়াইটা পর্যন্ত দুই নেতার মধ্যে ৫০ মিনিটের বৈঠক হবে। (রেডিও এবিসি : ১৫:০০ ঘ. ১৬/০৫/১৮ সাইফুর/আলি)

:: সমাপ্ত ::